সংবাদ

তারিখ 07 SEP 2010
পৃষ্ঠা ... কলাম ...

# গ্রিনিচ ইউনিভার্সিটি প্রতিনিধির ডিআইএ পরিদর্শন

যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব গ্রিনিচ-এর প্রতিনিধি ড. একেএম মাহতাব হোসেন সম্প্রতি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল একাডেমি (ডিআইএ) পরিদর্শন করেন। দিনব্যাপী পরিদর্শনকালে তিনি পর্যায়ক্রমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শিক্ষকমণ্ডলী ও ছাত্রছাত্রীদের সঙ্গে আলাদাভাবে বৈঠক করেন এবং ডিআইএর অবকাঠামো পরিদর্শন করেন। যুক্তরাজ্যের এনসিসি অ্যাডুকেশনের একাডেমিক ডেভেলপমেন্ট ম্যানেজার (এশিয়া) ল্যারেন হি ইয়ো কোয়ান, ডিআইএ'র চেয়ারম্যান মো. সবুর খান, নির্বাহী পরিচালক মোহাম্মদ নূরুজ্জামানসহ ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মানসম্মত শিক্ষা প্রদানের বিষয়টি যাচাই করাই



ছিল পরিদর্শনের মূল উদ্দেশ্য। বৈঠকে তিনি ডিআইএতে গ্রিনিচ ইউনিভার্সিটি অনুমোদিত বিএসসি (অনার্স) ইন আইটি প্রোগ্রাম মান সম্পন্নভাবে পরিচালনার বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি ডিআইএর বিভিন্ন অবকাঠামো ও শিক্ষার পরিবেশ পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। উল্লেখ্য যে, ডিআইএতে পরিচালিত বিএসসি (অনার্স) ইন আইটি প্রোগ্রামের সিলেবাস, পরীক্ষা ও সার্টিফিকেট ইউনিভার্সিটি অব গ্রিনিচ, ইউকে থেকে পাঠানো হয় এবং বৃটিশ কাউন্সিল কর্তৃক পরীক্ষা গ্রহণ করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।